

**কারিগরি বোর্ডে পাসের হার ৮৫%
 জিপিএ-৫ চার হাজার ৬৫৮ জন**

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি স্তরের ব্যবসায় ব্যবস্থাপনা, ডিপ্লোমা ইন কমার্স ও ডোকুমেন্টেশন পরীক্ষায় মোট পাসের হার ৮৫ দশমিক শূন্য ৩ পতাংশ। মোট ৯৫ হাজার ৯৮৪ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ৮১ হাজার ৬১৭ জন।

সের্বিসেস হাজার ৬৫৮৯ জন। জিপিএ-৫ পেয়েছেন ৮৬৫ জন। দুই হাজার ৩০৩ জন হাতে ও দুই হাজার ৩৫৫ জন মোরে।

শুভকাল শনিবার ২০১৩ সালের কারিগরি শিক্ষা বোর্ডের অধীন পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। মোট পরীক্ষার্থীর মধ্যে ব্যবসায় ব্যবস্থাপনায় ৮৭ হাজার ৫৪৪ জন, ডিপ্লোমা ইন কমার্সে ৩৮৪ জন, ডোকুমেন্টেশনে আট হাজার ৫৬ জন পরীক্ষায় অংশ নিয়েছে।

পরীক্ষায় অংশ নেওয়া মোট এক হাজার ৪৬৫ টি ইনস্টিটিউটের মধ্যে ১০৭ টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শতভাগ পাস করেছে। একেবারেই পাস করেনি—এমন কোনো প্রতিষ্ঠান নেই।

ব্যবসায় ব্যবস্থাপনায় শীর্ষ পাঁচ শিক্ষাপ্রতিষ্ঠান হলো পার্বতীপুর আদর্শ ডিগ্রি কলেজ, দিনাজপুর; আবেদা নূর বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, কুমিল্লা; মাহমুদা বেলাস বিএম টেকনিক্যাল কলেজ, জামালপুর; মেদামহ বহিলা টেকনিক্যাল কলেজ, জামালপুর এবং পায়েরহাট সায়ের অ্যান্ড টেকনিক্যাল কলেজ, দিনাজপুর। ডিপ্লোমা ইন কমার্সের সেরা তিন শিক্ষাপ্রতিষ্ঠান হলো রেহানা টেকনিক্যাল অ্যান্ড কমার্স কলেজ, কুমিল্লা; শামীম অ্যান্ড শাকিল কারিগরি কলেজ, পাইবান্ডা এবং আবুল বাশার টেকনিক্যাল কলেজ, কুমিল্লা। ডোকুমেন্টেশনের সেরা তিন প্রতিষ্ঠান হলো মেওয়ানগঞ্জ টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, জামালপুর; টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, পাইবান্ডা এবং পাবনা টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ।